আজহারীর মাহফিল ২৫ জানুয়ারি পটুয়াখালীতে

written by Chandradip News24 | December 30, 2024

দেশের জনপ্রিয় ইসলামি আলোচক ও গবেষক ড. মিজানুর রহমান আজহারী আগামী ২৫ জানুয়ারি পটুয়াখালীতে মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মাহফিলটি অনুষ্ঠিত হবে পটুয়াখালী কেন্দ্রীয় শহীদ মিনার মাঠে। এই আয়োজনের মূল উদ্যোক্তা পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশন।

পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ আন নাহিয়ান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, শায়েখ মিজানুর রহমান আজহারী এবার দেশে মাত্র ৮টি প্রোগ্রামের কথা বলেছেন। এর মধ্যে পটুয়াখালীতে একটি প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা ফাউন্ডেশনের জন্য গর্বের বিষয়। ইতোমধ্যে আজহারীর ব্যক্তিগত সহকারী প্রফেসর মোশাররফ হোসেন স্যার পটুয়াখালীর কেন্দ্রীয় শহীদ মিনার পরিদর্শন করেছেন।

আব্দুল্লাহ আন নাহিয়ান বলেন, “এটি আমাদের জন্য বিরাট সম্মান, কারণ দেশের প্রখ্যাত ইসলামি বক্তা আজহারী পটুয়াখালীবাসীর জন্য সময় রেখেছেন। এই মাহফিল পটুয়াখালীর ধর্মপ্রাণ মানুষের মধ্যে নতুন উৎসাহ জাগাবে।”

এদিকে, এর আগে গত শুক্রবার কক্সবাজারের পেকুয়া এলাকার গুলদি তাফসীর ময়দানে বক্তব্য প্রদান করে ধর্মপ্রাণ মানুষের মন জয় করেছিলেন শায়েখ আজহারী। পটুয়াখালীতে তার উপস্থিতি ঘিরে স্থানীয়দের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা দিয়েছে।

—

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম